

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৪২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

### আরবী

وَعَن عبيد

بن رِفَاعَة عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «شَمِّتِ الْعَاطِسَ ثَلَاثًا فَإِنْ زَادَ فَشَمِّتُهُ وَإِنْ شِئْتَ فَلَا» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَديثُ غَريب

#### বাংলা

8৭৪২-[১১] 'উবায়দ ইবনু রিফা'আহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হাঁচিদাতার হাঁচির জবাব তিনবার (পর্যন্ত) দাও। তারপরে যদি আরো হাঁচি দেয়, তবে তোমার ইচ্ছা; জবাব দেবে অথবা দেবে না। [আবূ দাউদ ও তিরমিযী। আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি গরীব।][1]

## ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৫০৩৬, তিরমিযী ২৭৪৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে "ইয়াযীদ ইবনু 'আবদুর রাহমান" যিনি আবূ ইয়াযীদ আদ্ দালানী নামে পরিচিত। ইনি একজন য'ঈফ বর্ণনাকারী। দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ৪৮৩০, য'ঈফুল জামি' ৬৪২৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসের মাধ্যমে মুসলিমদের শিক্ষা দেয়া হয়েছে এক বৈঠকে যদি কোন ব্যক্তি একাধিকবার হাঁচি দেয় তাহলে শ্রোতার করণীয় সম্পর্কে আলোচনা করা হয়েছে হাঁচির জবাব দেয়া ওয়াজিব যা প্রত্যেক মুসলিমের পালন করা আবশ্যক। কিন্তু এ ব্যাপারে সংখ্যা নির্ধারিত হয়েছে। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা মুসলিম ভাইয়ের তিনবার হাঁচির জবাব দাও। তবে একই ব্যক্তি একই বৈঠকে যদি তিনবারের বেশি হাঁচি



দেয়, তখন জবাব দেয়া শ্রোতার ইচ্ছাধীন হয়ে যায়। শ্রোতা ইচ্ছা করলে জবাব দিতেও পারে আবার জবাব নাও দিতে পারে। তবে তিনবারের বেশি হাঁচি হলে জবাব দেয়া মুস্তাহাব। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ রিফা'আহ ইবনু রাফি' যুরাকী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন